



WBCLA

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপাত্র

Vol. X

January 2000 – March 2000

No. 1

সম্পাদকীয়

গত ৬ই ফেব্রুয়ারী, ২০০০ (সিটি কলেজ, কলিকাতা) পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ষোড়শবার্ষিক সম্মেলন সমাপ্ত হল। পশ্চিমবঙ্গের জেলাগুলি থেকে প্রায় দুই শতাধিক কলেজ গ্রন্থাগারিক বন্ধুগণ উপস্থিত হন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজগুলির পরিদর্শক ডঃ অর্জুন দাশগুপ্ত সম্মেলনের শুভ সূচনা করেন। সভা পরিচালনার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেন সমিতির সভানেত্রী শ্রীমতী অনিমা সেনগুপ্ত। সাধারণ সম্পাদক শ্রীঅরুণ কুমার ঘটক মহাশয় তাঁর বার্ষিক প্রতিবেদনে বিগত দিনের সমিতির কার্যাবলী, সাফল্য, সমস্যা, প্রভৃতি দিকগুলি পরিষ্কারভাবে তুলে ধরেন।

সম্মেলনের আকর্ষণীয় বিষয়ের অন্যতম দিক ছিল গ্রন্থাগারিক এবং গ্রন্থাগার জগতের সংগে যুক্ত ব্যক্তিত্বকে, সমিতির তরফ থেকে নিবেদিত আন্তরিক শুভেচ্ছা এবং শ্রদ্ধার্ঘ্য। শ্রদ্ধার্ঘ্য এবং শুভেচ্ছা অর্পণের তালিকায় — ডঃ অর্জুন দাশগুপ্ত, কলেজগুলির পরিদর্শক, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ns(২) ডঃ ভুবনেশ্বর চক্রবর্তী, রিডার, গ্রন্থাগার বিজ্ঞান বিভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয় (৩) ডঃ প্রজ্ঞারঞ্জন দত্ত, গ্রন্থাগারিক, বিদ্যাসাগর সাক্ষ্য কলেজ, কলিকাতা, (৪) ডঃ (শ্রীমতী) মনিদীপা রায়, গ্রন্থাগারিক, রাজা পিয়ারীমোহন কলেজ, হুগলী, (৫) ডঃ সুবিমল মিশ্র, গ্রন্থাগারিক, রামকৃষ্ণ মিশন